



## রাজশাহী সিটি কর্পোরেশন

### রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা  
erajshahi.portal.gov.bd

### নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী সিটি কর্পোরেশনের ফৌজদারী মোকদ্দমা তদারকি ও পরিচালনা করার জন্য নিম্নবর্ণিত শর্তে আইন উপদেষ্টা (ফৌজদারী) নিয়োগ করা হবে। স্থানীয় অভিজ্ঞ আইনজীবীদের নিকট হতে প্রার্থীর বিস্তারিত বিবরণ ও সনদের সত্যায়িত অনুলিপিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাননীয় প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- (ক) অত্র কর্পোরেশনের সকল ফৌজদারী মোকদ্দমা তদারকি ও পরিচালনার জন্য আপনাকে মাসিক ৭,৮৬৫.০০ (সাত হাজার আটশত পয়ষট্টি) টাকা হারে পারিশ্রমিক প্রদান করা হবে।
- (খ) আদালতের ফৌজদারী মোকদ্দমা তদারকি ও পরিচালনা করা ছাড়াও কর্পোরেশন কর্তৃপক্ষ আইন সংক্রান্ত যে কোন বিষয় সময় সময় কোন মতামত বা পরামর্শ চাইলে আপনি উহা যথাযথভাবে প্রদান করতে বাধ্য থাকবেন। এর জন্য কোন অতিরিক্ত ভাতা বা পারিশ্রমিক প্রদান করা হবে না।
- (গ) প্রয়োজনবোধে মামলার ক্ষেত্রে অত্র কর্পোরেশন অন্য আইনজীবী নিয়োগ করতে পারবেন। সিটি কর্পোরেশন ইচ্ছা করলে যে কোন সময় বিনা নোটিশে এই নিয়োগ বাতিল করতে পারবে।
- (ঘ) এই নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- (ঙ) ৩ (তিন) কপি সদ্য তোলা রুদিন পাসপোর্ট সাইজের ছবি, সকল সনদের সত্যায়িত অনুলিপিসহ লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

স্বা.  
সচিব

রাজশাহী সিটি কর্পোরেশন

নম্বর - ৪৬.১২.০০০০.০০৩.১৭.০৯৬.২৪ : ১৭ ৫০ (৭)

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩১  
১১ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশনের একান্ত সচিব, (প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। বিজ্ঞপ্তিটি প্রকাশিত ০২টি স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। এম আই এস পার্সোনেল আইসিটি শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপডেট করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। অফিস নথি।

সচিব

রাজশাহী সিটি কর্পোরেশন